মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ১৯/০৮/২০২০ ইং তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. বিভিন্ন মিটিং ও সভায় নারীদের কথা বলার সুযোগ ও তাদের মতামতকে প্রাধান্য দেওয়া প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২১/০৭/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
বিভিন্ন মিটিং ও সভায় নারীদের কথা বলার সুযোগ ও তাদের মতামতকে প্রাধান্য দেওয়া প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, বর্তমান সরকার নারীদের বিভিন্ন ক্ষেত্রে অগ্রাধিকার দিচ্ছে। নারীদের উন্নয়ন ব্যাতিরেকে জাতী উন্নথ হতে পারবেনা। এমতাবস্থায় সরকারী নির্দেশনায় পৌরসভা পর্যায়ের বিভিন্ন কমিটিতে নারী অংশগ্রহণ নিশ্চিত করতে নারী কোটা রাখা হয়েছে। এই সমস্ত কমিটিতে নারী কোটা নিশ্চিৎ করা হলে তাদের উপস্থিতি ও তাদের মতামত প্রকাশের ক্ষেত্রে অনিহা প্রকাশ করা হয় যা মোটেও সমীচীন নয়। তিনি বলেন, নারীদের মিটিং-এ উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং তাদের কথা বলার সুযোগ দিতে হবে। আমরা সকলেই জানি অনেক ক্ষেত্রেই নারীরা এখন পিছিয়ে আছে। নারীদের সচেতন করতে এবং তাদের মিটিং গুলিতে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিৎ করতে প্রয়োজনে তাদের প্রশিক্ষনের ব্যবস্থা করতে হবে। এ ব্যাপারে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় সভায় বলেন, যে কোন মিটিং তিনি	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	নারীদের কথা অপেক্ষাকৃত মনোযোগ সহকারে শোনেন ও ব্যবস্থা গ্রহণ করে। মেহেরপুর পৌরসভায় তার জানামতে নারীদের বিভিন্ন মিটিংএ অংশগ্রহণের জন্য উৎসাহ প্রদান করা হয়। এছাড়া টিএলসিসি মিটিংএ অংশগ্রহণ এর জন্য যাতায়াত ভাতাও প্রদান করা হয়। তিনি আরোও বলেন, এখন থেকে নারীদের মিটিং এ সামনের সারিতে বসতে অনুরোধ জানোনো হবে এবং প্রতিটি মিটিং-এ তাদের মতামত প্রদানের জন্য বলা হবে। তিনি বলেন, সমাজ পরিবর্তনের সাথে সাথে আমাদের নারী সমাজকেও পরিবর্তন হতে হবে। তিনি বলেন তাদের এই পরিবর্তনের জন্য যদি প্রশিক্ষণ প্রয়োজন হয় তাহলে তার ব্যবস্থাও করা হবে। এ ব্যাপারে তিনি পরিষদের নারী কাউন্সিলদের ভূমিকা গ্রহণের জন্য বলেন।	
বিবিধ	জনাবা জনাব মোছাঃ শিউলী খাতুন, মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, আমরা যারা বর্তমান পরিষদে সংরক্ষিত আসনের নারী কাউন্সিলর আছি তাদের সঠিক ভাবে মূল্যায়ন করা হয়না। অনেক সময় ওয়ার্ড কাউন্সিলরের আজ্ঞাবহ হয়ে থাকতে হয়। আমাদের ন্যায্য অধিকার থেকে আমাদেরকে বঞ্চিত করা হয়। তিনি এ ব্যাপারে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় বলেন, আজ সভায় যে অভিযোগ করা হয়েছে সে ব্যাপারে তিনি অবগত নন। তার কাছে প্রতিটি কাউন্সিলর সমান। তিনি আরোও বলেন, কোন কাউন্সিলর যদি তার ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হয় এবং এ ব্যাপারে লিখিত অভিযোগ পেলে অবশ্যই ব্যবস্থা গ্রহণ করা হবে।	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ১৯/০৮/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	২১/০৮/20
৮	মো: আমিনুল ইসলাম	LEDA	
৯			